

সারাদেশ

রাশিয়ার আন্তর্জাতিক জলবায়ু অলিম্পিয়াডে ১০০ নম্বর পেয়ে স্বর্ণজয়ী সুনামগঞ্জের আয়মান

প্রতিবেদক: সুনামগঞ্জ প্রতিনিধি

প্রকাশের তারিখ: শুক্রবার, ০২ অক্টোবর ২০২৬, ০৯:১১ PM



রাশিয়ার সিরিয়াসে অনুষ্ঠিত IOCE Sirius, Russia-2026 প্রতিযোগিতায় ১৪টি দেশের ৭০ জন প্রতিযোগী অংশ নেন। এতে আয়মান ১০০-এর মধ্যে পূর্ণ ১০০ নম্বর পেয়ে সর্বোচ্চ স্থান অর্জন করে। অসাধারণ এই ফলাফলের স্বীকৃতিস্বরূপ তাকে স্বর্ণপদক এবং "Absolute Champion" শিরোপা দেওয়া হয়।

আয়মান বর্তমানে সিলেট জালালাবাদ ক্যান্টনমেন্ট ইংলিশ মিডিয়াম স্কুল অ্যান্ড কলেজের নবম শ্রেণির শিক্ষার্থী। প্রতিযোগিতায় তার পরের দুটি স্থান অর্জন করেন রাশিয়া ও জিম্বাবুয়ের দুই প্রতিযোগী। দেশভিত্তিক অর্জনে পাকিস্তান ও রাশিয়া স্বর্ণপদক পেয়েছে, আর বাংলাদেশ অর্জন করেছে ব্রোঞ্জ পদক।


এর আগে আয়মান প্রথম বাংলাদেশ জলবায়ু অলিম্পিয়াড (BOCE)-এ জাতীয় পর্যায়ে হাইস্কুল ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। জাতীয় পর্যায়ের পর আন্তর্জাতিক প্রতিযোগিতায়ও সাফল্য ধরে রেখে জলবায়ু ও পরিবেশবিষয়ক জ্ঞান ও দক্ষতার ক্ষেত্রে সে

বাংলাদেশের শিক্ষার্থীদের জন্য উল্লেখযোগ্য দৃষ্টান্ত তৈরি করেছে।

আয়মানের বাড়ি সুনামগঞ্জ জেলার বিশ্বম্ভরপুর উপজেলার ভাদেবটেক গ্রামে। তার বাবা শাহ আলম স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) একজন প্রকৌশলী। তার চাচা ডা. নাসির উদ্দিন।

আন্তর্জাতিক জলবায়ু অলিম্পিয়াডে পূর্ণ ১০০ নম্বর পেয়ে ‘‘Absolute Champion’’ হওয়ায় আয়মানের পরিবার, শিক্ষাপ্রতিষ্ঠান ও সুনামগঞ্জের মানুষ আনন্দ ও গর্ব প্রকাশ করেছেন। সংশ্লিষ্টরা আশা করছেন, এই অর্জন ভবিষ্যতে জলবায়ু পরিবর্তন মোকাবিলা ও পরিবেশ সংরক্ষণে আয়মানকে আরও উৎসাহিত করবে।

এ বিভাগের আরও খবর



তজুমদ্দিনে মুক্তিযোদ্ধা কার্ড দেওয়ার কথা বলে পরিবারপ্রতি ৩ লাখ টাকা নেওয়ার অভিযোগ
ভোলায় তজুমদ্দিনে দুই মুক্তিযোদ্ধা কার্ড তৈরি করে দেওয়ার কথা বলে কয়েকটি পরিবারের কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগ উঠেছে। পরিবারপ্রতি প্রায় ৩ লাখ...



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক
গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



জাতীয়তাবাদী ওলামা দল

পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাদ্রাসা] সম্মেলন ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ

পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/rashiyar-antrjatik-jlbayu-olimpiyade-100-nmbr-peye-sbrniji-sunamgnjer-ayman>